# কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপণন ইউনিট
# পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

## স্থানীয়ভাবে কৃষি পণ্য সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ ও বিপণন

জাতির জনক বঙ্গাবন্ধ শেখ মুজিবর রহমান কর্তৃক ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতায় একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। একাডেমী গ্রামীন জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন, কর্মসংস্থান ও জীবযাত্রার মানোন্নয়নের নিরলসভাবে কাজ করে যাচ্ছে। একটি স্বায়ত্বশাসিত সংস্থা হিসেবে একাডেমী সরকার নির্ধারিত দায়িত্ব যেমন- প্রশিক্ষণ, গবেষণা, প্রায়োগিক গবেষণা পরিচালনা এবং পরামর্শ সহায়তা প্রদান করে আসছে।

পল্লী উন্নয়ন একাডেমী (RDA), বগুড়া সূচনালগ্ন থেকে কৃষি সেক্টরের মাধ্যমে পল্লীর মানুষের জীবনমান উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কৃষিতে আধুনিক সেচ পদ্ধতি, কৃষি যান্ত্রিকীকরণ, উন্নত বীজ ও কৃষির জন্য বিদ্যমান অনুকূল আবহাওয়ার কারনে কৃষিপণ্যের উৎপাদন সন্তোসজনকভাবে বৃদ্ধি পেয়েছে। তার সাথে তাল মিলিয়ে কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ ইন্ডাস্ট্রি তেমনভাবে গড়ে ওঠেনি। ফলে দেশের প্রায় ৩০ শতাংশ মৌসুমি কৃষিপণ্য প্রতি বছর নষ্ট হচ্ছে। যদি যথাযথ এলাকায় কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠা করা যেতো, তাহলে একদিকে যেমন উৎপাদিত ফসল নষ্টের পরিমাণ কমে যেতো, অন্যদিকে কৃষকেরা তাদের ফসলের ন্যায্যমূল্য পেতো। সেই সাথে সৃষ্টি হতো বেকার যুবক ও গ্রামীন নারীদের জন্য কর্মসংস্থানের নতুন ও বৈচিত্রময় ক্ষেত্র। এতে পল্লীর মানুষের ভাগ্যের অনেকটা ইতিবাচক পরিবর্তন ঘটতো। এ সকল দিক বিবেচনায় নিয়ে একাডেমী প্রায়োগিক গবেষণার অংশ হিসেবে স্থানীয়ভাবে উৎপাদিত কৃষি পণ্যের ভেল্যু এ্যাড করণের নিমিত্ত পল্লী উন্নয়ন একাডেমীতে প্রশিক্ষণপ্রাপ্ত খামারী কর্তৃক উৎপাদিত কৃষিপণ্য ও গবেষণা কর্মসূচির আওতাধীন এলাকায় উৎপাদিত কৃষি পণ্যের সংরক্ষণ, প্রয়োজনীয় ক্ষেত্রে প্রক্রিয়াজাতকরণ ও সঠিক মূল্য নিশ্চিতকরণে বিপণন সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে ২০০৭ সালে কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিপণন (এপিএম) ইউনিটি প্রতিষ্ঠা করে।







পল্লী উন্নয়ন একাডেমীর আওতাধীন এই ব্যতিক্রমধর্মী কর্মসূচির অন্যতম লক্ষ্যসমূহ হচ্ছেঃ



- স্থানীয়ভাবে উৎপাদিত কৃষি পণ্যের ভেল্যু এ্যাড করা।
- বিজ্ঞানসম্মত উপায়ে কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করা।
- প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্যের ব্যবহার ও মেয়াদকাল বৃদ্ধির উদ্দেশ্যে সঠিক তাপমাত্রায় সংরক্ষণ করা।
- সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণে অর্জিত জ্ঞান খামারী ও উদ্দোক্তা পর্যায়ে সম্প্রসারণ করা।
- কৃষকদের জন্য কৃষিপণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করার সঠিক বিপণন ও বিতরণ পদ্ধতি অবলম্বন করা।
- নিম্নমূল্যকালীন সময়ে ক্ষতি এড়ানোর লক্ষ্যে কৃষক ও ব্যবসায়ীগণের জন্যে প্রয়োজনে হিমাগারে ভাড়ায় সংরক্ষণের সুযোগ প্রদান ।




যে সব কৃষক মৌসুমে আলু, মরচি, মূলা, টমেটো, বেগুনসহ নানা সবজির সঠিক মূল্য না পেয়ে হতাশ হয়ে যায় তাদের মুখে হাসি ফোটাবার এই আয়োজনে সীমতি সাধ্যের মধ্যে অতি স্বল্প ব্যয়ে ফুড প্রসেসিং প্ল্যান্টও বাস্তবায়িত হচ্ছে। এই কাজে আরডিএ-কে সহযোগিতা দিচ্ছেন একাডেমীর কৃষি প্রকৌশলীগণ ও ফুড ইঞ্জিনিয়ার। আরডিএর কৃষি প্রকৌশলী ও ফুড প্রকৌশলীবৃন্দের সরাসরি তত্ত্বাবধানে সরকারের পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর আওতায় প্রায়োগিক গবষেণার সাফল্য মাঠ পর্যায়ে ছড়িয়ে দিতে নতুন উদ্যেগে ভেল্যু এড টু এগ্রিকালচার কনসেপ্টে স্বল্প পরিসরে স্বয়ংকৃয় ক্ষুদ্র যন্ত্রপাতি বসিয়ে কুটির শিল্পের ন্যায় স্থানীয়ভাবে সংগৃহীত ফলমূল ও সবজি দিয়ে ‘পল্লী ব্রান্ডে’ তৈরি হচ্ছে সর্ম্পূণ ভেজালমুক্ত ও উন্নত মানসম্পন্ন বিভিন্ন কৃষি পণ্য যা নিম্নরূপঃ

- দুগ্ধজাত পণ্যঃ দুধ, পল্লী পাস্তুরিত দুধ, পল্লী ঘি ইত্যাদি।








ঐতিহ্যবাহী বগুড়ার দই।

- প্রক্রিয়াজাত কৃষি পণ্যঃ পল্লী তেঁতুলের চাটনি, পল্লী বরই চাটনি, পল্লী জিনজার চাটনি, পল্লী মাশরুম চাটনি, পল্লী আমের আচার, পল্লী রসুনের আচার, পল্লী টমেটো সস, পল্লী অরেঞ্জ জেলি, পল্লী মধু, পল্লী এনার্জি ফ্লাওয়ার সুইট, পল্লী সয়াকেক, পল্লী চিনিগুঁড়া চাল ইত্যাদি।
- মসলা জাতীয় পণ্যঃ পল্লী মরিচ গুঁড়া, পল্লী হলুদ গুঁড়া, পল্লী জিরা গুঁড়া ইত্যাদি।
- তেল জাতীয় পণ্যঃ পল্লী সরিষার তেল, পল্লী রাইচ ব্রান অয়েল ইত্যাদি।





এছাড়াও কৃষকের ন্যায্য মূল্য প্রাপ্তির লক্ষ্যে সুষ্ঠু বিপণন ব্যবস্থা গড়ে তোলার জন্য নানাবিধ কর্মসূচি হাতে নেয়া হয়। ঢাকায় সেফ এন্ড ফ্রেশ এগ্রো লিঃ (ফসল) এর বিক্রয় কেন্দ্রসমূহের মাধ্যমে কৃষক ও ভোক্তাদের মধ্যে বিষমুক্ত কৃষিপণ্য বিক্রয়ের ব্যবস্থাও গ্রহণ করা হয়। এছাড়াও রাসায়নিক বিষমুক্ত কৃষি পণ্যের বাজার সৃষ্টির লক্ষ্যে আরডিএ'র সংশ্লিষ্ট অভিজ্ঞ অনুষদ সদস্যবৃন্দ মাঠ পর্যায়ে সরাসরি কৃষকদের তত্ত্বাবধান ও গবেষণার মাধ্যমে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

কৃষি পণ্য প্রক্রিয়াজাত, সংরক্ষণ ও বাজারজাতকরণ শীর্ষক প্রায়োগিক গবেষণার মাধ্যমে এই ইউনিটের আওতায় বর্তমানে ১৫ জন পুরুষ ও ২৫ জন মহিলাসহ ৪০ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। এছাড়াও বিভিন্ন কৃষি পণ্য বাজারজাতকরণের মাধ্যমে কৃষকরা একদিকে যেমন কৃষি পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছে অপরদিকে তাদের আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়ন পরিলক্ষিত হচ্ছে। ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকলে বাংলাদেশের প্রতিটি জেলায় **সরকারের সংশ্লিষ্ট বিভাগ/এজেন্সীর মাধ্যমে এ ধরনের মডেল অধিকতর সম্প্রসারণ করা সম্ভব হবে।**

**Agro processing to meet Change in food habits towards processed and convenience foods (lead to demand for raw material)**










**বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:**


০১



| | | | |
|---|---|---|---|
| নাম | ইঞ্জিনিয়ার মোঃ আবিদ হোসেন মৃধা | Download Vcard | |
| পদবি | উপ-পরিচালক | ফোন (অফিস) | |
| অফিস | পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া | ফোন (বাসা) | |
| ই-মেইল | mahossain_mridha@yahoo.com | মোবাইল | +৮৮০১৭১২২১৩৫৮১ |
| জীবন বৃত্তান্ত | | ফ্যাক্স | ০৫১-৭৮৬১৫ |

০২



| | | | |
|---|---|---|---|
| নাম | মনিরুল ইসলাম | Download Vcard | |
| পদবি | সহকারী পরিচালক | ফোন (অফিস) | |
| অফিস | পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া | ফোন (বাসা) | |
| ই-মেইল | monirul.islam.rda@gmail.com | মোবাইল | +৮৮০১৭৩৭৮১৪৫৯৭ |
| জীবন বৃত্তান্ত | | ফ্যাক্স | ০৫১-৭৮৬১৫ |